Asylum Advice

পোষ্ট ডিসিশনস – রিফিউজাল

অধ্যায় 4B: পোষ্ট ডিসিশনস – রিফিউজাল

যদি আপনার আবেদন নাকচ করা হয় তাহলে কী হবে, এই সেকশন তা ব্যাখ্যা করছে। আপনার যদি অ্যাসাইলাম আবেদন সম্বন্ধে কোন বিশেষ প্রশ্ন থাকে তাহলে সেগুলি আপনার আইনি প্রতিনিধিকে জানাবেন যিনি আপনাকে উপদেশ দিতে সক্ষম হবেন।

4B.1 নাকচ হওয়ার পরে আর কী কী পন্থা আছে

আপনার অ্যাসাইলাম ইন্টারভিউ-এর পর হোম অফিস হয়তো আপনার অ্যাসাইলাম-এর আবেদন রিফিউজ করতে পারে। হোম অফিসের সিদ্ধান্তের বিরুদ্ধে আপনার আপিল করার অধিকার আছে। যদি হোম অফিস আপনার থাকা মঞ্জুর না করে তবে তারা চিঠিতে কারণ জানিয়ে দিবে। চিঠিটা ইংরেজি ভাষায় লেখা থাকবে এবং আপনার আইনি প্রতিনিধির সাথে চিঠির বিষয় বস্তু নিয়ে আলোচনা করা উচিত। এই চিঠিটা আপনাকে নিশ্চিত করবে কেন হোম অফিস বিশ্বাস করে যে আপনার অ্যাসাইলাম পাওয়ার অথবা মানবিক প্রতিরক্ষার পাওয়ার ভিত্তি নাই। এই পর্যায়ে খুব সাবধানতার সাথে আপনার বিকল্পগুলো বিবেচনা করা উচিত।

আপনার নিম্নলিখিত বিকল্পগুলো আছে:

- হোম অফিসের সিদ্ধান্তের বিরুদ্ধে আপনার হয়তো আপিল করার অধিকার থাকতে পারে। তার অর্থ আপনি একজন ইমিগ্রেশন বিচারককে বলতে পারেন, যিনি হোম অফিস থেকে নিরপেক্ষ, আবার সিদ্ধান্তটি বিবেচনা করতে এবং তিনি এটা সঠিক বলে মনে করেন কিনা। এ ব্যাপারটা নিয়ে আপনার আইনি প্রতিনিধির সাথে আলোচনা করার প্রয়োজন আছে। দয়া করে মনে রাখবেন হোম অফিসের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার জন্য খুব কঠোর টাইমস্কেল রয়েছে।

- আপনি যদি "সার্টিফাইড রিফিউজাল" পেয়ে থাকেন তাহলে এর অর্থ হলো যে আপনার স্বয়ংক্রিয় ভাবে আপিল করার অধিকার নাই। সেক্ষেত্রে আপনি হয়তো একটা জুডিশিয়াল রিভিউর জন্য দরখাস্ত করতে পারেন। এ ব্যাপারটা নিয়ে আপনার আইনি প্রতিনিধির সাথে আপনার আলোচনা করার প্রয়োজন আছে। আপনার আইনি প্রতিনিধি শুধু তখনই আপিল করতে পারবে যদি আপিল করার কোন ভিত্তি থাকে।

- আপনি যদি আপিল করতে না চান তা হলে ইউনাইটেড কিংডম (UK) ছেড়ে যাওয়ার জন্য অ্যাসিস্টেড ভলান্টারী রিটার্ন স্কিম (এভিআর) হচ্ছে সব চাইতে সুবিধাজনক উপায়। হোম অফিস এভিআর স্কিমটি পরিচালনা করে, দয়া করে দেখুন:

www.gov.uk/return-home-voluntarily
ভলান্টারী ডিপার্চার্স টিম: 0300 004 0202

4B.2 আপনি যদি আপিল করতে চান

যদি আপনার কেস হোম অফিস নাকচ করে দেয় এবং আপনি আপনার আপিল করার অধিকার প্রয়োগ করতে চান, তা হলে আপনার আবেদন রিফিউজ হওয়ার নোটিশ পাওয়ার সাথে সাথেই আপনাকে আপনার আইনি প্রতিনিধির সংগে যোগাযোগ করতে হবে। আপনার সাথে রিফিউজাল নিয়ে আলোচনা করা ও আপিল করার ভিত্তি সাব্যস্ত করবার জন্য তাদের আপনার সাথে একটা অ্যাপয়েন্টমেন্ট করার প্রয়োজন আছে। লিগ্যাল অ্যাইড-এর (কেস চালাবার খরচের জন্য আর্থিক সাহায্য পাওয়া যায়) অধীনে আপনাকে প্রতিনিধিত্ব করার জন্য আপনি একজন আইনি প্রতিনিধি চাইলে আপনার উপার্জন কম দেখাতে হবে এবং যদি আপনার কেসের জিতে যাবার একটি বাস্তব সম্ভাবনা থাকে। এর অর্থ হচ্ছে যে, লিগ্যাল অ্যাইড আপনাকে দেয়া হবে যদি আপনার কেসের জিতে যাবার সম্ভাবনা শতকরা 50% ভাগ বা তার চাইতে বেশী থাকে। আপনার আইনি প্রতিনিধিকে এই ব্যাপারে সত্যতা প্রমাণের জন্য মেরিট টেস্ট সম্পন্ন করতে হবে। আপনি যদি মেরিট টেস্টে ফেল করেন তাহলে আপনাকে লিগ্যাল অ্যাইড দেয়া হবে না।

4B.3 যদি আমি লিগ্যাল অ্যাইড না পাই তবে কী হবে?

আপনি অথবা আপনার আইনি প্রতিনিধি লিগ্যাল অ্যাইড নাকচের বিষয়টা আবার বিবেচনা করার জন্য অনুরোধ করতে পারেন। দয়া করে আপনার আইনি প্রতিনিধিকে লিগ্যাল অ্যাইড রিফিউজালের বিরুদ্ধে আপিল করতে বলুন।

আপনি যদি লিগ্যাল অ্যাইড না পান এবং আপনার আইনি প্রতিনিধি আপনার জন্য প্রাইভেট ভাবে কাজ করতে সক্ষম হন, তাহলে তার লিগ্যাল অ্যাডভাইসের খরচ আপনাকে নিজেকেই বহন করতে হবে। তারা প্রাইভেটলি আপনার হয়ে কাজ শুরু করার আগে, তাদেরকে ব্যবসার শর্তগুলি অবশ্যই আপনার কাছে ব্যাখ্যা করতে হবে এবং আপনাকে তাদের শর্তের সাথে একমত হতে হবে।

আপনাকে যদি লিগ্যাল অ্যাইড রিফিউজ করা হয় এবং লিগ্যাল অ্যাডভাইসের খরচ বহন করতে অক্ষম হন, তাহলে যদি ইচ্ছা করেন আপনি নিজেই নিজেকে প্রতিনিধিত্ব করতে পারেন।

4B.4 আপিলের শুনানি

আপিলের শুনানি অ্যাসাইলাম ইমিগ্রেশন ট্রাইব্যুনাল (এআইটি) (Asylum Immigration Tribunal (AIT))-এ অনুষ্ঠিত হয়। ইংল্যান্ড-এ অনেকগুলো কোর্ট আছে। আপনার আপিলের জন্য দরখাস্ত করার পর কোন কোর্টে শুনানি হবে তা আপনাকে জানিয়ে দেয়া হবে। দুই ধরনের ট্রাইব্যুনাল আছে, একটা ফার্স্ট – টিয়ার ট্রাইব্যুনাল (First-tier Tribunal) এবং আরেকটা আপার ট্রাইব্যুনাল (Upper Tribunal)। প্রত্যেকটার মধ্যে একটা করে ইমিগ্রেশন অ্যান্ড অ্যাসাইলাম চেম্বার আছে। ইউকে-এর বিভিন্ন জায়গায় বেশ কয়েকটা কোর্ট আছে। হোম অফিসের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিলগুলির শুনানি ও সিদ্ধান্ত নেয়া হয় ফার্স্ট – টিয়ার ট্রাইব্যুনালে।

আপনার আপিলের শুনানির তারিখ ঠিক হবার পর আপনাকে চিঠি দিয়ে আপনার কোর্টে

শুনানির তারিখ, সময় ও স্থান জানানো হবে। হোম অফিস যদি আপনাকে সাপোর্ট দেয় তাহলে তাদের কাছে আপনি যাতায়াতের টিকেটের খরচের জন্য দরখাস্ত করতে পারেন। আপনার শুনানির চিঠির একটা প্রতিলিপি সাথে দিয়ে টিকেটের দরখাস্তটা পাঠাতে হবে। প্রথম সুযোগেই এই কাজটা সম্পন্ন করবেন। অ্যাসাইলাম হেল্প আপনাকে এটা করতে সাহায্য করতে পারে। যদি আপনি এটা করতে চান এবং আপনার সাহায্যের দরকার হয় তাহলে দয়া করে যোগাযোগ করুন ০৪০৪ ৪০০০ 626 নম্বরে।

অ্যাসাইলাম ইমিগ্রেশন ট্রাইব্যুনাল (এআইটি) সিদ্ধান্ত নিতে পারে (পরিপূর্ণ শুনানির পূর্বে যে কোনো সময়ে) যে কোন বিশেষ কেসে কিছু কিছু বিষয় উত্থাপিত হচ্ছে যেগুলো অত্যন্ত জটিল আর সেই কারণে কেসটার শুনানি একটা ইমিগ্রেশন প্যানেল অথবা কোন সিনিয়র ইমিগ্রেশন জজের সম্মুখে হওয়া দরকার।

আপনার শুনানির সময়ের অন্তত: 30 মিনিট আগে হিয়ারিং সেন্টারে উপস্থিত হওয়াটা জরুরী। আপনাকে সিকিউরিটি চেকের মধ্য দিয়ে যেতে হবে এবং জেনে নিতে হবে কোন রুমে আপনার শুনানি হবে। আপনার শুনানির সময় আপনি হয়তো নিম্নলিখিত লোকগুলিকে রুমে উপস্থিত দেখবেন।

- ইমিগ্রেশন জজ: তারা রুমের সম্মুখ দিকে উঁচু প্ল্যাটফর্মে বসা থাকবেন। তারা হিয়ারিং-এর নেতৃত্ব দিবেন এবং সম্ভবত আপনাকে, আইনি প্রতিনিধি এবং হোম অফিস প্রেজেন্টিং অফিসারকে আপনার কেস সম্বন্ধে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।

- হোম অফিস প্রেজেন্টিং অফিসার: আপনি হয়তো দেখবেন হোম অফিস তাদের একজন প্রতিনিধি পাঠিয়েছে তাদের বক্তব্য পেশ করার জন্য এবং আপনাকে ইউকে-তে থাকতে না দেওয়ার কারণগুলির স্বপক্ষে বক্তব্য রাখার জন্য।

- সাক্ষী: আপনার কেসে সাক্ষ্য দেয়ার জন্য কোন ব্যক্তি।

- কোর্টের দোভাষী: আপনি যদি দোভাষীর জন্য অনুরোধ জানিয়ে থাকেন, জজ আপনাকে কোন প্রশ্ন করলে তারা সেটা তর্জমা করবেন এবং আপনার জবাবও তারা তর্জমা করবেন। অবশ্যই তাদেরকে শুদ্ধ ভাবে তর্জমা করতে হবে যাতে করে হোম অফিস আপনি যে তথ্য পরিবেশন করছেন সেগুলির একটা পরিপূর্ণ রেকর্ড রাখতে পারে।

আপনি যে তথ্য পরিবেশন করছেন সেগুলিকে দোভাষীর অত্যন্ত গোপন রাখা প্রয়োজন। যদি আপনার দোভাষী নিয়ে কোন উদ্বেগ থাকে বা আপনি যদি তার কথা বা উচ্চারণ বা আঞ্চলিক ভাষা বুঝতে না পারেন তাহলে আপনি আপনার আইনি প্রতিনিধি এবং ইমিগ্রেশন জজকে যত শীঘ্র সম্ভব জানাবেন। এর জন্য আপনার কেসের ব্যাপারে কীভাবে সিদ্ধান্ত নেয়া হবে অথবা ফলাফল কী হবে তার উপর কোন প্রভাব পড়বে না।

কোর্ট রুমগুলি জনসাধারণের জন্য খোলা সুতরাং রুমে অন্যান্য লোকও দেখতে পাবেন।

4B.5 শুনানি মুলতবি করা

শুনানির তারিখ স্থির হবার পর এবং শুনানির তারিখের আগে যে কোনো সময়ে মুলতবির (স্থগিতকরণ) জন্য আপনি অথবা আপনার প্রতিনিধির এআইটি-এর কাছে অনুরোধ জানাতে পারেন। এই অনুরোধটি কেস ম্যানেজমেন্ট রিভিউ হিয়ারিং (Case Management Review Hearing) -এর সময় করা যেতে পারে। আপনি অথবা আপনার প্রতিনিধি এই বলে যুক্তি দেখাতে পারেন যে আপনার আপিলের সমর্থনে সাক্ষী- প্রমাণ জোগাড় করতে আরও সময়ের প্রয়োজন (যেমন মেডিকেল রিপোর্ট অথবা বিদেশ থেকে দলিল- পত্রাদি সংগ্রহ করতে)।

আপনার আপিলের শুনানির সময়ে যদি কোন বিষয় উঠে আসে যার জন্য আরো তদন্ত করার প্রয়োজন আছে তাহলে জজ, হোম অফিস অথবা আপনার প্রতিনিধি শুনানি মুলতবি করার জন্য অনুরোধ জানাতে পারেন।

যদি আপনার দেশে দলিল-পত্রাদি থাকে যেগুলিকে আপনি গুরুত্বপূর্ণ মনে করেন, সেক্ষেত্রে আপনি আপনার লিগ্যাল অ্যাডভাইজরের সাথে যত শীঘ্র সম্ভব এই ব্যাপারে আলাপ করবেন। আপনার দলিলগুলি আনতে যে সময়টা লাগবে সেই সময়টাতে আপনার কেস সম্বন্ধে বিবেচনা করানোকে দেরি করানো সম্ভব যদি আপনার নিজের বা পরিবারের লোকজনের নিরাপত্তা নষ্ট না হয়।

জজ যদি শুনানি মুলতবি রাখতে চান তাহলে একটা পরিবর্তী তারিখ নির্ধারণ করে দেয়া হবে। কোন বিশেষ কারণ না থাকলে এই সময়টা মুল শুনানির তারিখ থেকে 28 দিনের বেশী হবে না।

জজ হয়তো মুলতবি রাখতে রাজি নাও হতে পারেন এবং সেক্ষেত্রে আপনাকে কোর্টে হাজির হতে হবে। আপনি যদি হাজির না হন তাহলে আপনার অনুপস্থিতিতেই আপনার কেসের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হতে পারে।

4B.6 আপনার কেসের শুনানির সময়

আপনি জজকে সম্পূর্ণ ভাবে এবং যতটুকু সম্ভব তথ্যসহ জবাব দিবেন। জজ, আপনার আইনি প্রতিনিধি এবং হোম অফিসের প্রতিনিধি আপনার কেসের ক্ষেত্রে কীভাবে আইন প্রযোজ্য হবে সে নিয়ে আলোচনা করতে পারেন।

আপনি হয়তো কোন কোন বিষয়ে কথা বলতে নাও চাইতে পারেন, বিশেষ করে ব্যক্তিগত বা সংবেদনশীল বিষয়ে, কিন্তু প্রায়শই যে বিষয়গুলি আলোচনা করা খুব কঠিন বলে মনে হয় সেগুলোই আপনার ক্লেইম প্রতিষ্ঠার জন্য খুবই গুরুত্বপূর্ণ বলে প্রমাণ হতে পারে। আপনার পক্ষে দেয়া সম্ভব এমন সকল তথ্য কী কারণে আপনি নিরাপত্তা চাচ্ছেন সেই বিষয়ে জজকে বুঝতে সাহায্য করবে।

এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আপনি সত্য কথা বলবেন এবং আপনার সাথে কী ঘটনা ঘটেছে যতখানি সম্ভব সে সম্পর্কে তথ্য পেশ করবেন এবং কী কারণে আপনার নিরাপত্তা প্রয়োজন সে সম্পর্কে বলবেন।

আপনার শুনানি শেষ হবার সাথে সাথেই জজ আপনার বিষয়ে কী সিদ্ধান্ত নিয়েছেন তা হয়ত আপনি জানবেন না। জজ তাঁর সাথে করে কাগজ পত্রগুলি নিয়ে যাবেন, কেসটা পড়বেন এবং তারপরে সিদ্ধান্ত নিবেন। তারপরে সিদ্ধান্তটা আপনার কাছে পাঠানো হবে।

জজ আপনার অ্যাসাইলাম আপিল বিবেচনা করবেন 'রিফিউজি কনভেনশন' এবং 'ইউরোপিয়ান কনভেনশন অফ হিউমান রাইটস'-কে আপনার অবস্থার পরিপ্রেক্ষিতে প্রয়োগ করে। তাঁরা বিবেচনা করবেন যে আপনার ইউকে-তে থাকার ভিত্তি আছে কিনা।

জজ আপনাদের দুজনকে (আপনাকে এবং আপনার আইনি প্রতিনিধিকে)এবং হোম অফিসকে তাঁর নির্ধারণের (সিদ্ধান্তের) প্রতিলিপি পাঠাবেন। এই নির্ধারণ নিশ্চিত করবে জজ কি বিশ্বাস করেন যে আপনার লিভ টু রিমেইন-এর কোনটা আপনি মিটাতে পেরেছেন কিনা। তিনি আপনার আপিল গ্রহণ করতে পারেন কিংবা প্রত্যাখ্যানও করতে পারেন। এই নির্ধারণে জজের এই সিদ্ধান্ত নেওয়ার কারণ অন্তর্ভুক্ত থাকবে।

4B.7 সিদ্ধান্তের পর

কোন কোন অবস্থায় আপনি বা হোম অফিস দুজনেই আপিল করতে পারেন। আপনি যদি ইউকে-তে থাকেন তবে আপনার সময়সীমা 10 দিন, আটক অবস্থায় থাকলে 5 দিন এবং আপনি ইউকে-এর বাহিরে থাকলে আপিল করার সময়সীমা 28 দিন। আপিল করার জন্য অনুমতির আবেদন করতে হবে অ্যাসাইলাম ইমিগ্রেশন ট্রাইব্যুনালের আপার ট্রাইব্যুনাল-এ। এই পর্যায়ে আপনাকে কিংবা হোম অফিসকে অনুমতি দেয়া হবে শুধুমাত্র যদি ভিত্তি থাকে প্রমাণ করার জন্য যে আপনার কেসের আইন সংক্রান্ত ক্ষেত্রে ভুল হয়েছে বলে মনে করা হচ্ছে।

ইংল্যান্ডে আপার ট্রাইব্যুনাল (ইমিগ্রেশন এন্ড অ্যাসাইলাম চেম্বার) কোর্ট দেখবে:

- ন্যাশনালিটি, অ্যাসাইলাম ও ইমিগ্রেশন বিষয়ে ফার্স্ট-টিয়ার ট্রাইব্যুনাল যে সিদ্ধান্ত নিয়েছে তার বিরুদ্ধে আপিল এবং;
- কোন কোন জুডিশিয়াল রিভিউ (ইমিগ্রেশন)।

স্কটল্যান্ডে আপনার কেসের শুনানি হতে পারে কোর্ট অফ সিজনস (Court of Sessions) -এ।
নর্দার্ন আয়ারল্যান্ডে এই শুনানি হতে পারে কুইন্স বেঞ্চ ডিভিশন (Queen's Bench Division)-এ।

আপনার আইনি প্রতিনিধি এ সম্পর্কে আপনাকে আরো তথ্য দিতে পারবেন।

কিছু কিছু ক্ষেত্রে আরও আপিলের সুযোগ থাকতে পারে এবং আপনাকে আপনার লিগ্যাল অ্যাডভাইজরের সাথে আলাপ করে দেখার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে।

একজন আইনি প্রতিনিধিকে খুঁজে পাবার জন্য সহায়তার দরকার হলে যোগাযোগ করুন:

দয়া করে লক্ষ্য করুন যে আমরা আপনার ইমিগ্রেশন বিষয়ে কোন ধরনের সহায়তা দিতে সক্ষম নই।

4B.8 আমার আপিলের পরে কী হবে?

একটি ইতিবাচক সিদ্ধান্ত গ্রহণ করা- যদি আপনি একটি ইতিবাচক সিদ্ধান্ত পান এবং আপনার কেস অনুমোদিত হয় এবং হোম অফিস এর বিরুদ্ধে আপিল না করেন, তবে হোম অফিস আপনাকে নিশ্চিত করবে যে ইউকে-তে আপনার লিভ টু রিমেইন মঞ্জুর করা হয়েছে। (দয়া করে পড়ুন সিদ্ধান্ত পরবর্তী মঞ্জুরি।)

আরও পরবর্তী আপিল – যদি আপনি অথবা হোম অফিস সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করেন এবং সেটা করার অনুমতি মঞ্জুর করা হলে ট্রাইব্যুনাল একটি পুনর্বিবেচনার জন্য শুনানির বন্দোবস্ত করবে। ট্রাইব্যুনাল পরবর্তী সিদ্ধান্ত নেয়া পর্যন্ত আপনি একজন অ্যাসাইলাম সিকার হিসাবে থাকবেন। আপনার কেসের শুনানির শেষে হয় আপনাকে অনুমতি দেবে বা কেস খারিজ করে দেবে।

এরপরে আর কোন আপিল নাই – কোর্টের সিদ্ধান্তের পরে, যদি আপিলের কোন ভিত্তি না থাকে, অথবা আর কোন অনুমতি দেয়া না হয়, তবে আপনি একজন 'আপিল রাইটস এগজস্টেড (এআরই) (Appeal Rights Exhausted (ARE))'-এ রূপান্তরিত হবেন। এর অর্থ হল যে আপনি আর অ্যাসাইলাম সিকার থাকবেন না। তার কারণ আপনার অ্যাসাইলাম-এর আবেদন ব্যর্থ হয়েছে।

আপনার যদি আর কোন প্রকারের আপিল অসমাপ্ত না থাকে সেক্ষেত্রে হোম অফিস আশা করে যে আপনি ইউকে ছেড়ে যাবেন ।

হোম অফিস আশা করবে যে আপনি ইউকে ছেড়ে যাবেন, যদি আপনার:

- অ্যাসাইলাম-এ অস্বীকৃতি জানানো হয় এবং কোন ধরনের লিভ মঞ্জুর করা না হয়;
- আপনার আপিলের প্রক্রিয়া সমাপ্ত হয়ে যায়; অথবা
- আপনার অ্যাসাইলাম-এর আবেদন প্রত্যাহার করে নেন।

4B.9 যদি আমি স্বেচ্ছায় ইউকে ছেড়ে যেতে চাই?

আপনি যদি দেশে ফিরে যাওয়ার সিদ্ধান্ত নিয়ে থাকেন সেক্ষেত্রে আপনার জন্য দুইটা উপায় আছে:

1) আপনি হোম অফিসের মাধ্যমে অ্যাসিস্টেড ভলান্টারী রিটার্ন (এভিআর)-এর কাছে আবেদন করতে পারেন, কীভাবে তাদের সাথে যোগাযোগ করবেন সে ব্যাপারে আরও অধিক তথ্যের জন্য ভিজিট করুন:

www.gov.uk/return-home-voluntarily
ভলান্টারী ডিপার্চার্স টিম: 0300 004 0202

2) আপনি নিজেও আপনার ফিরে যাবার বন্দোবস্ত করতে পারেন। আপনাকে আপনার ভ্রমণের জন্য বুকিং দেবার আগে হোম অফিসকে জানাতে হবে, যেন তারা আপনার পাসপোর্ট, ভ্রমণ ও অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্র আপনার যাবার আগে আপনাকে দিতে পারে।

4B.10 AVR কী?

হোম অফিসের মাধ্যমে অ্যাসিস্টেড ভলান্টারী রিটার্ন (এভিআর) স্কিম প্রোগ্রাম চলে। এটি আপনাকে আপনার দেশে বা অন্য কোন দেশে যাবার ব্যবস্থা করে দিতে পারে যদি আপনি দেখাতে পারেন সেই দেশে যাবার অধিকার আপনার আছে। আরো তথ্যের জন্য দয়া করে ভিজিট করুন:

www.gov.uk/government/collections/
ভলান্টারী ডিপার্চার্স টিম: 0300 004 020)

4B.11 আমার সংসারে যদি ছোট ছোট বাচ্চা থাকে?

আপনি যদি একটি পরিবারের অংশ হন তাহলেও আপনাকে বহিষ্কার করা যাবে। হোম অফিস আপনার ও আপনার পরিবারের সাথে আলোচনা করে কী কী উপায় আছে জানাবে। তারা নিম্নলিখিত উপায়গুলি দেখবে:

অ্যাসিস্টেড ভলান্টারী রিটার্ন
আরো তথ্যের জন্য অনুগ্রহ করে ভিজিট করুন:
www.gov.uk/return-home-voluntarily

আবশ্যক রিটার্ন (Required Return)
আপনি যদি স্বেচ্ছায়ে ইউকে ছেড়ে যেতে না চান হোম অফিস আপনাকে লিখে জানাবে যে তারা চায় আপনি ফিরে যান। আপনি যাবার জন্য দুই সপ্তাহের নোটিস পাবেন এবং অবশ্যই আপনি আপনার সন্তানদের নিয়ে ফেরত যাওয়ার জন্য প্রস্তুত থাকবেন। এটা হওয়ার সম্ভাবনা আছে যে আপনার নিজে নিজেই চেক-ইন করার এবং আপনার নিজের ফিরে যাবার ব্যবস্থা করার বিকল্প থাকবে।

নিশ্চিত প্রত্যাবর্তন (Ensured Return)
এনসিওরড রিটার্ন বা নিশ্চিত প্রত্যাবর্তন প্রয়োগ করা হয় যখন আপনাকে দেশে ফেরত পাঠাবার সমস্ত প্রচেষ্টা ব্যর্থ হয়ে যায়। যদি আপনি নিশ্চিত রিটার্ন ধাপে পৌঁছান তাহলে আপনার কেসটি একটি ইন্ডিপেন্ডেন্ট ফ্যামিলিস রিটার্ন প্যানেল দ্বারা পর্যালোচনা করা হবে। প্যানেলটি বাচ্চাদেরকে নিরাপত্তা রক্ষা করে কী করে সবচেয়ে সুবিধাজনক পদ্ধতিতে ফেরত পাঠানো যায় সে বিষয়ে উপদেশ দিবে।

হোম অফিসের একটি ফ্যামিলি প্রি- ডিপার্চার অ্যাকমডেশন সেন্টার রয়েছে।এর নাম সিডারস (Cedars) এবং এটি গেটউইক এয়ারপোর্ট (Gatwick Airport)-এর কাছে

অবস্থিত। ফ্যামিলি রিটার্ন প্যানেল সিদ্ধান্ত নিতে পারে যে প্রত্যাবর্তনের সমস্ত উপায়গুলি ব্যর্থ হয়েছে বা সুবিধাজনক নয়।

4B.12 কী হবে আমি যদি ফিরে যেতে না চাই?

আপনাকে সাহায্য করার কোন পন্থাই যদি আপনি গ্রহণ না করেন অথবা নিজেও ইউকে থেকে প্রত্যাবর্তনের চেষ্টা না করেন, তাহলে হোম অফিস আপনাকে এ দেশ থেকে বের করার কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে। এর অর্থ আপনাকে নিজের দেশে ফিরে যেতে বাধ্য করা হবে।

হোম অফিস যদি আপনাকে ইউকে থেকে বাধ্যতামূলক ভাবে ফেরত পাঠানর কথা চিন্তা করে, তাহলে হোম অফিসের ইউকে ভিসা অ্যান্ড ইমিগ্রেশন ডিপার্টমেন্ট থেকে হোম অফিস ইমিগ্রেশন এনফোর্সমেন্ট-এ আপনার কেসটা পাঠানো হবে।

ইমিগ্রেশন এনফোর্সমেন্ট একটি লিখিত নোটিশ দিবে যদি আপনাকে ইউকে থেকে বের করে দেয়া তাদের উদ্দেশ্য হয়, এবং জানাবে এর বিরুদ্ধে যদি কোন আপিল করার সুযোগ থাকে। তারা আপনাকে ইউকে থেকে জোর করে বের করে দিতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে যদি আপনার আপিল রাইট এগজস্টেড হয়ে যায় এবং এখানে থাকার আপনার আর কোন আইনি ভিত্তি না থাকে। এর অর্থ হল আপনাকে গ্রেপ্তার করে আপনি যতদিন পর্যন্ত এ দেশ ছেড়ে না যান ততদিন পর্যন্ত একটি সিকিউর ডিটেনশন সেন্টারে আটকে রাখবে। অথবা ইমিগ্রেশন এনফোর্সমেন্ট আপনাকে সাধারণ ভাবে কোন একটি নির্দিষ্ট জায়গাতে নির্দিষ্ট সময়ে রিপোর্ট করতে বলবে যতক্ষণ না আপনার প্রত্যাবর্তনের ব্যবস্থা হয়। আপনার ফেরতের বন্দোবস্ত করার সময় হোম অফিস আপনাকে না জানিয়েই আটক করতে পারে।

4B.13 আটক করার পরিস্থিতি

আপনাকে আটক করে রাখার বিষয়ে হোম অফিস নিম্নলিখিত পরিস্থিতিগুলি বিবেচনা করবে। যা হল:

- আপনার পূর্ববর্তী ইমিগ্রেশন ইতিহাস
- আপনার দেশ
- আপনি অস্থায়ী প্রবেশ পর্যায়ের সমস্ত নিয়ম মেনে চলেছেন কিনা (আপনার IS96 অনুযায়ী রিপোর্ট করছেন কিনা)
- আপনার 4A.পালাবার সম্ভাবনা

4B.14 কী হবে যদি আমি এখনো মনে করি বাড়ি ফেরা নিরাপদ নয়?

যদি আপনার অ্যাসাইলাম কেস সম্পূর্ণ ভাবে নির্ধারিত হয়ে থাকে এবং আপনি ব্যর্থ হন, সেক্ষেত্রে এটা অত্যন্ত জরুরী যে আপনি লিগ্যাল অ্যাডভাইস নেবেন এটা দেখার জন্য যে আর কোন উপায় আছে কিনা এবং আর কোনও বক্তব্য (সাবমিশন) আছে কিনা যা

আপনার ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে।

আপনি এ ব্যাপারে আপানর আইনি প্রতিনিধিকে জিজ্ঞাসা করতে পারেন। তারা আপনার কেস সমাপ্ত করার সময় আর কী কী বিকল্প আছে তা অবশ্যই ব্যাখ্যা করে বলবে।

আপনি আবার নতুন করে হোম অফিসের কাছে অ্যাসাইলাম ক্লেইম করতে পারেন। এটা করতে আপনার আরও প্রমাণাদি হোম অফিসের কাছে জমা করতে হবে। আগে যে সমস্ত প্রমাণাদি বিবেচনার জন্য দেয়া হয়েছে, নতুন দেয়া কাগজপত্র যদি সেগুলো থেকে উল্লেখযোগ্য ভাবে ভিন্ন হয় তবে এটিকে ফ্রেশ ক্লেইম হিসাবে গণ্য করা হবে। আপনার বক্তব্য উল্লেখযোগ্য ভাবে আলাদা হবে যদি বিষয়বস্তু:

(i) পূর্বে বিবেচনা না করা হয়ে থাকে; এবং

(ii) পূর্বের বিবেচ্য কাগজপত্রগুলি একত্রে নিয়ে যদি সফল হবার একটি বাস্তব সম্ভাবনা সৃষ্টি হয়ে থাকে, প্রত্যাখ্যাত হওয়া সত্ত্বেও।

4B.15 আমি যদি প্রত্যাখ্যাত অ্যাসাইলাম প্রার্থী হই তবে আমাকে দেয়া সাহায্যের কী হবে?

আপনি যদি সম্পূর্ণরূপে ব্যর্থ অ্যাসাইলাম সিকার হন, এবং আপনার 18 বছর বয়সের নিচে কোন ডিপেন্ডেন্ট না থাকে, এবং আপিল রাইট এগজস্টেড (এআরই) হয়ে যান অথবা আপনি যদি আপনার অ্যাসাইলাম দরখাস্ত উঠিয়ে নেন, তবে আপনার সাহায্যের এনটাইটেলমেন্ট, সিদ্ধান্তের 21 দিন পরে বন্ধ করে দেয়া হবে। আপনি যদি হোম অফিসের দেয়া বাসস্থানে থাকেন তবে আপনাকে চিঠির মাধ্যমে 7 দিনের নোটিশ দেয়া হবে হোম অফিসের বাসস্থান ছেড়ে দেবার জন্য।

যদি আপনার সংসারে ডিপেন্ডেন্ট থাকে বর্তমানে যার 18 বছরের নিচে, তাহলে হোম অফিসের সহায়তা চলতে থাকবে যতদিন পর্যন্ত না আপনি ও আপনার পরিবার হয় স্বেচ্ছায় ফিরে যান, অথবা আপনাদের অপসারিত করা হয়, অথবা যতদিন না আপনার ডিপেন্ডেন্ট-এর বয়েস 18 বছর হয়।

4B.16 সেকশন 4 সাহায্য

স্বল্প-মেয়াদি সাপোর্ট যদি আপনার আবেদন ব্যর্থ হয়: আপনার সাহায্য বন্ধ করে দেয়ার পরও স্বল্প-মেয়াদি সাপোর্ট পাওয়ার যোগ্য হবেন যখন আপনি দেশে যাবার জন্য তৈরি হচ্ছেন। এটি ‘সেকশন 4 সাপোর্ট’ নামে পরিচিত কারণ এটি ইমিগ্রেশন অ্যান্ড অ্যাসাইলাম অ্যাক্ট 1999 - এর সেকশন 4-এর অধীনে দেয়া হয়। সেকশন 4 সাপোর্ট ব্যর্থ অ্যাসাইলাম সিকারদের জন্য। সেকশন 4 সাপোর্ট আপনি অ্যাসাইলাম ক্লেইমের সময়ে যে সাপোর্ট পেতেন তা থেকে আলাদা (সেকশন 95 সাপোর্ট) নিম্নলিখিত কারণগুলোর জন্য:

- এখানে কোন নগদ অর্থ দেয়া হয় না। একটা পেমেন্ট কার্ডের দ্বারা সাহায্য প্রদান করা হয়। এটি ‘অ্যাজুর (Azure)’ কার্ড নামে পরিচিত। এগুলি ইউকে-তে শুধুমাত্র বিশেষ বিশেষ দোকানে ব্যবহার করা যায়- টেসকো’স (Tesco’s), সেইনসবুরি’স

(Sainsbury's), দ্যা কো- অপারেটিভ (The Co-Operative), মরিসন'স (Morrison's), পিককস (Peacocks), আর্লি লার্নিং সেন্টার (Early Learning Centre), অ্যাসডা (Asda), মাদারকেয়ার (Mothercare), দ্যা রেড ক্রস (The Red Cross) এবং দ্যা সালভেশন আর্মি (The Salvation Army)।

আপনাকে সেকশন 4 সাপোর্টের জন্য যোগ্যতা অর্জন করার জন্য আবশ্যকতাগুলো কঠোর ভাবে পূরণ করতে হবে। আপনাকে নিরুপায় হতে হবে এবং নিম্নলিখিত যে কোন একটি আবশ্যকতাকে পূরণ করতে হবে:

1) আপনি ইউকে ছেড়ে যাবার সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন বা নিজেকে এমন অবস্থানে নিয়েছেন যেখান থেকে আপনি তা করতে পারেন; অথবা

2) আপনি কিংবা পরিবারের একজন সদস্য ইউকে ছেড়ে যেতে পারছেন না ভ্রমণ করাতে শারীরিক প্রতিবন্ধকতা থাকায় অথবা অন্য কোন মেডিকেল কারণে; অথবা

3) আপনি ইউকে ছেড়ে যেতে পারছেন না, কারণ সেক্রেটারি অব স্টেইট-এর মতে বর্তমানে ফিরে যাবার উপযুক্ত কোন রুট দেখা যাচ্ছে না; অথবা

4) আপনি অ্যাসাইলাম আবেদনের জুডিশিয়াল রিভিউ-এর জন্য দরখাস্ত করেছেন এবং আপনাকে এগিয়ে যাবার জন্য অনুমতি দেয়া হয়েছে; অথবা

5) হিউমান রাইট অ্যাক্ট 1998-এর অধীনে আপনার বাসস্থানের প্রয়োজন, না হলে আপনার অধিকার ভঙ্গ হয়।

1. সমস্ত যুক্তিসংগত ধাপগুলি

এই প্রয়োজনীয়তা সেকশন 4 সাপোর্ট পাবার যোগ্য হবার জন্য, আপনাকে দেখাতে হবে যে আপনি ইউকে ছেড়ে যাবার জন্য সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন। হোম অফিস আপনাকে সাহায্য দিতে অস্বীকার করতে পারে যদি তারা মনে করে আপনি আপনার কাছে থাকা সমস্ত বিকল্পগুলি অনুসরণ করেননি। একটি বিশেষ পদক্ষেপ "যৌক্তিক" হবে নাকি হবে না তা নির্ভর করবে আপনার পরিস্থিতির উপর। সাধারণত, আপনার কাছ থেকে আশা করা হবে যে হোম অফিসের প্রোগ্রাম ব্যবহার করে আপনি ভলান্টারী রিটার্নের জন্য আবেদন করবেন, আপনার স্বদেশের দূতাবাসের সাথে যোগাযোগ করবেন জরুরী পাসপোর্টের ব্যবস্থা করবার জন্য (যদি প্রয়োজন হয়)।

গুরুত্বপূর্ণ নোট: যদি আপনি মনে করেন যে আপনার একটি ফ্রেশ ক্লেইম সাবমিট করার ভিত্তি থাকতেও পারে সেক্ষেত্রে এটা গুরুত্বপূর্ণ যে আপনি আইনি পরামর্শ নেবেন। স্বেচ্ছায় ফিরে যাবার জন্য যে কোন আবেদন, এমনকি যদি প্রত্যাহারও করেন সেটা আপনার ফ্রেশ ক্লেইমকে প্রভাবিত করতে পারে।

2. ভ্রমণ করতে দৈহিক অন্তরায়

এই শর্তের অধীনে যোগ্যতা অর্জন করতে হলে আপনি শারীরিক অসুস্থতার কারণে অবশ্যই ভ্রমণ করতে অক্ষম হবেন। আপনাকে হোম অফিসের কাছে প্রমাণ করতে হবে যে আপনার বা পরিবারের কোন সদস্যের শারীরিক অথবা মানসিক স্বাস্থ্যগত সমস্যা থাকার জন্য ভ্রমণ করতে অক্ষম। এর জন্য ইউকে-তে পাওয়া মেডিক্যাল ট্রিটমেন্ট অথবা আপনার ডাক্তারের মতে আপনার জন্য ভ্রমণ না করাই ভাল হবে তা দেখানো যথেষ্ট নয়। আপনার বা

আপনার পরিবারের এমন শারীরিক অবস্থা থাকতে হবে যাতে করে ভ্রমণ করতে অক্ষম হন।

‘ভ্রমণে দৈহিক অন্তরায়ের’ প্রয়োজনীয় প্রমাণ

- কোন ডাক্তারের কাছে থেকে স্পষ্ট লিখিত কাগজ আনতে হবে যাতে বিশেষ ভাবে লিখা থাকবে যে আপনি যাতায়াত করতে অক্ষম, এর কারণগুলো কী এবং কতদিন পর্যন্ত আপনি ভ্রমণ করতে অক্ষম থাকবেন।

- ‘সেকশন 4 মেডিক্যাল ডিক্লারেশন’ ফর্ম যা আপনার ডাক্তারকে দিয়ে পূরণ করে জমা দিতে হবে, যা আপনি Gov.uk ওয়েবসাইট থেকে বা অ্যাসাইলাম হেল্প-এর সাথে ০৪০৪ ৪000 626 নম্বরে যোগাযোগ করবেন, তারা আপনাকে ফর্মের একটি প্রতিলিপি পাঠাতে পারে।

গর্ভাবস্থা বা ভ্রমণ করতে দৈহিক অন্তরায়

হোম অফিসের পলিসি হচ্ছে একজন মহিলা যিনি তার গর্ভাবস্থার শেষ প্রান্তে পৌঁছেছেন (তাদের প্রত্যাশিত নির্দিষ্ট তারিখের ছয় সপ্তাহ আগে, বা তার আগে যদি কোন জটিলতা থেকে থাকে), বা যাদের বাচ্চার বয়েস ছয় সপ্তাহর কম, স্বয়ংক্রিয় ভাবে এরা ভ্রমণ করতে অক্ষম বলে স্বীকার করে নেয়া হয়। আপনাকে গর্ভাবস্থার প্রমাণ হিসাবে একটি প্রসূতি সার্টিফিকেট, বার্থ সার্টিফিকেট এবং মেডিক্যাল ডিক্লারেশন দিতে হবে যদি প্রত্যাশিত জন্ম তারিখের ছয় সপ্তাহ আগে আবেদন করেন।

3. ফিরে যাবার কোন উপযুক্ত পথ নাই

এই প্রয়োজনীয়তা সেই সব লোকদের জন্য প্রযোজ্য যারা ইউকে ছেড়ে যেতে পারছেন না কারণ সেক্রেটারি অব স্টেট-এর মতে ফিরে যাবার উপযুক্ত কোন রাস্তা নাই।

4.জুডিশিয়াল রিভিউ-এর জন্য আবেদন

যদি আপনার আইনি প্রতিনিধি আপনার অ্যাসাইলাম ক্লেইমের সিদ্ধান্তর উপর জুডিশিয়াল রিভিউ-এর জন্য আবেদন করে, তারা অবশ্যই প্রথমে এগিয়ে যাবার অনুমতির জন্য হাই কোর্টের কাছে আবেদন করবেন। হাই কোর্ট অনুমতি দেবার পরই, এই প্রয়োজনীয়তার অধীনে আপনি সেকশন 4 এর সাহায্য পাবার জন্য যোগ্য হবেন। যদি আপনি স্কটল্যান্ড-এ বসবাস করেন এবং কোর্ট অব সেশনস-এর কাছে আবেদনপত্র দিয়ে থাকেন তবে আপনি এই সেকশনের অধীনে আবেদন করতে পারবেন।

‘জুডিশিয়াল রিভিউ-এর আবেদনের’ জন্য যেসব প্রমাণাদি প্রয়োজন:

হাই কোর্টের চিঠি যা এগিয়ে যাওয়ার অনুমতি নিশ্চিত করে/আবেদনপত্র জমা দেয়া হয়েছে এটা নিশ্চিত করে (স্কটল্যান্ড)।

5. মানবাধিকার ভঙ্গ

হোম অফিস আপনকে সাপোর্ট দেয়া বন্ধ করে দিতে পারে না যদি করে, তবে মানবাধিকার ভঙ্গ হবে।

যদিও দারিদ্র্যের কারণে কিছু কিছু পরিস্থিতিতে একজন ব্যক্তির মানবাধিকার লঙ্ঘন হতে

পারে, একজন ব্যর্থ অ্যাসাইলাম সিকার যিনি ইউকে ত্যাগের জন্য যথাসাধ্য চেষ্টা করছেন না তিনি সাহায্য পাবার অধিকার রাখেন না। কারণ কোর্ট রুল দিয়েছে যে তারা স্বেচ্ছায় এই দারিদ্র্য বেছে নিয়েছে এবং এই কারণে তাকে সাহায্য পাবার কোন অধিকার দেয়া হবে না। হোম অফিস অবশ্যই সাহায্য প্রদান করবে, যদি সাহায্য তুলে নিলে ইউরোপিয়ান কনভেনশন অব হিউম্যান রাইটস (ইসিএইচআর)-এর অধীনে মানবাধিকার ভঙ্গ হয়।

উদাহরণ হিসাবে, যদি আপনি অ্যাসাইলাম-এর জন্য একটি ফ্রেশ ক্লেইম সাবমিট করে থাকেন, যেটা এখনও বাকি আছে, তবে আপনি এই ধারায় আবেদন করতে পারেন। যদি আপনি জুডিশিয়াল রিভিউয়ের জন্য আবেদন করে থাকেন কিন্তু এটা এগিয়ে নেয়ার অনুমতি এখনও দেয়া না হয়ে থাকে সেক্ষেত্রেও এটা প্রযোজ্য হবে। আপনি এই ধারায়ও আবেদন করতে পারবেন যদি আপনার পরিবার আলাদা হয়ে যায় কিছু সদস্যদের সাহায্য অস্বীকার করে।

কেন আপনি দেশে ফিরতে পারবেন না সে ব্যাপারে যদি আপনি নতুন প্রমাণ দিতে পারেন তবে একজন আইনি প্রতিনিধির আপনাকে সাহায্য করতে পারা উচিত।

যদি হোম অফিসের সাথে আপনার নন-প্রটেকশন ভিত্তিক আবেদন বাকি থেকে থাকে সেক্ষেত্রে আপনার এই সাহায্য পাবার অধিকার থাকবে না। দারিদ্র্যের প্রভাব এড়ানোর জন্য ইউকে ত্যাগ করাতে এটা কোন বাধা হিসেবে গণ্য করা হবে না।

'মানবাধিকার লঙ্ঘন' প্রমাণ করতে যে যে প্রমাণগুলো অন্তর্ভুক্ত করতে হবে:

- একটি নতুন ক্লেইম করা হয়েছে তা নিশ্চিত করা
- বার্থ সার্টিফিকেট, পারিবারিক জীবনের প্রমাণ
- হাই কোর্টে জমা দেয়া আবেদনের প্রতিলিপি

যদি আপনার সেকশন 4-এর বিষয়ে আরও অধিক তথ্যের প্রয়োজন হয় বা একজন আইনি প্রতিনিধি খুঁজে পাবার জন্য সহায়তার প্রয়োজন হয় তবে দয়া করে অ্যাসাইলাম হেল্প-এর সাথে যোগাযোগ করুন: 0808 8000 626

4B.17 আমি দরিদ্র তা প্রমাণ করতে আমাকে কী করতে হবে?

হোম অফিস আপনাকে দরিদ্র হিসাবে মেনে নিবে যদি বর্তমানে বা আগামী 14 দিনের জন্য আপনার 'পর্যাপ্ত বাসস্থান' বা কোন ভাবেই 'জীবন যাপনের জন্য অপরিহার্য চাহিদাসমূহ' (যেমন খাবার, আলো এবং উষ্ণতায় অ্যাক্সেস থাকা) যোগাড় করার বন্দোবস্ত না থাকে।

আপনাকে দেখানোর প্রয়োজন আছে যে আপনি বর্তমানে 'স্ট্রিট হোমলেস' বা হবার ঝুঁকিতে আছেন। এটা দেখানই যথেষ্ট হবে যে আপনার পর্যাপ্ত বাসস্থানের বা জীবন যাপনের জন্য আপনি আগামী 14 দিনের সাধারণ চাহিদা পূরণ করতে অক্ষম।

তারপরেও দারিদ্র্য পরীক্ষা করা হবে যার ফলে আবেদনকারীকে আরও তথ্যের জন্য অনুরোধ করা হতে পারে।

'দারিদ্র্য' প্রমাণের জন্য প্রয়োজনীয় প্রমাণ:

- আপনাকে সেইসব ঠিকানার তালিকা দিতে হবে যেখানে আপনার সাহায্য শেষ হওয়া পর্যন্ত বসবাস করেছেন, সাথে কত দিন পর্যন্ত কোন ঠিকানায় ছিলেন তাও, এবং কেন সেখানে আর থাকা সম্ভব নয়;
- আপনার শেষ বাসস্থানের প্রমাণ, এটা কোথায় ছিল এবং কেন এই বাসস্থানে আপনাকে এরা আর রাখতে পারবে না (বন্ধু বা আত্মীয়ের চিঠি - এটা গত 6 মাসের জন্য হতে হবে);
- উচ্ছেদের নোটিশ, ইত্যাদি;
- আপনি কোন দাতব্য সাহায্য গ্রহণ করেছেন বা সাহায্যের জন্য আবেদন করেছেন তার প্রমাণ;
- আপনার ব্যাংক স্টেটমেন্ট-এর কপি (যদি থাকে) গত 6 মাসের;
- আপনি যদি 'একাকী মা' হন তবে হয়তো সন্তানের বাবার কাছ থেকে খরচের টাকা নেয়ার চেষ্টার প্রমাণ দিতে বলা হবে;
- আপনার যদি ইতিপূর্বে কাজের অনুমতি থেকে থাকে বা অবৈধ ভাবে কাজ করে থাকেন, আপনার কাছ থেকে শেষ P60 এবং/ অথবা বেতনের রশিদ দেবার জন্য বলতে বলা হবে, সাথে প্রমাণ করতে হবে যে আপনি এখন আর কাজ করছেন না বা কাজ করার অধিকার নাই;
- আপনি যদি প্রাইভেট ভাড়া বাড়ীতে থাকেন, তবে ভাড়ার এগ্রিমেন্ট এবং ছেড়ে যাবার অনুরোধ পত্র;
- আপনি যদি আগে কোন প্রধান ধারার বেনিফিট নিয়ে থাকেন, প্রমাণ করতে হবে যে আপনি এখন আর তা পাবার যোগ্যতা রাখেন না (যেমন ডিডাব্লিউপি-এর চিঠি);
- একটি ব্যক্তিগত বিবৃতি তৈরি করলে ভালো হবে যেটাতে সাহায্য শেষ হবার পর থেকে আপনি কীভাবে জীবন যাপন করছেন সেই বিষয়গুলো থাকবে। এটি তাদের জন্য গুরুত্বপূর্ণ হবে যাদের তথ্য যোগাড় করতে সমস্যা আছে।

4B.18 আমি কীভাবে সেকশন 4 সাহায্যের জন্য আবেদন করব?

যদি আপনার সেকশন 4 সাপোর্ট সম্পর্কে (যোগ্যতা সহ) আরো তথ্য এবং পরামর্শের প্রয়োজন হয় তবে আপনাকে অ্যাসাইলাম হেল্প-এর সাথে যোগাযোগ করতে হবে 0808 8000 626 নম্বরে বা ভিজিট করুন www.asylumhelpuk.org

যদি আপনি ইতিমধ্যেই সিদ্ধান্ত নিয়ে থাকেন যে সেকশন 4 সাহায্যের জন্য আবেদন করবেন বা আবেদনের ফর্মের জন্য সাহায্যের দরকার, সেক্ষেত্রে আপনাকে যোগাযোগ করতে হবে অ্যাসাইলাম সাপোর্ট অ্যাপ্লিকেশান ইউকে-এর সাথে 0808 8000 627 নম্বরে বা ভিজিট করুন www.asylumhelpuk.org। আপনাকে নিশ্চিত করতে হবে যে সাহায্যের আবেদনের জন্য প্রয়োজনীয় সকল প্রমাণ আছে।

গুরুত্বপূর্ণ তথ্য: হোম অফিস আপনার আবেদন প্রক্রিয়াকরণ না করা পর্যন্ত আপনি সাহায্য পাবার অধিকারী হবেন না। অ্যাসাইলাম হেল্প আপনার সাহায্যের জন্য আবেদন পত্রের ব্যাপারে সাহায্য করতে পারে কিন্তু আপনাকে প্রমাণ দিতে হবে এবং নিশ্চিত করতে হবে কীভাবে আপনি উপরোক্ত মানদণ্ডগুলো মিটিয়েছেন।

অ্যাসাইলাম হেল্প আপনার প্রতিটি পরিস্থিতি দেখবে এবং প্রমাণগুলো নিশ্চিত করবে যে হোম অফিসের আপনার সাহায্য পাবার যোগ্যতাকে মূল্যায়ন করার প্রয়োজন হবে। এগুলো পাবার সাথে সাথেই আমরা আপনার সাহায্যের আবেদন পত্রের ব্যাপারে সহযোগিতা করতে পারবো। যদি হোম অফিসের মনে না হয় যে আপনি দরিদ্র বা মানদণ্ড পূরণ করেছেন সেক্ষেত্রে হয় আপনার আবেদন প্রত্যাখ্যান করা হবে বা আরও কাগজপত্র দেবার জন্য অনুরোধ করা হবে।

যদি আপনি হোম অফিসের অনুরোধ করা প্রমাণ দিতে ব্যর্থ হন সেক্ষেত্রে আপনার আপনার আবেদন পত্রের উপর পরবর্তী কোন পদক্ষেপ গ্রহণ না করেই বন্ধ করে দিতে পারে।

4B.19 সেকশন 4 সাপোর্ট আপিল

যদি আপনার সেকশন 4 সাপোর্ট-এর জন্য আবেদন প্রত্যাখ্যাত হয় তবে ফার্স্ট-টিয়ার ট্রাইব্যুনাল-এ (অ্যাসাইলাম সাপোর্ট) আপিল করার একটি সুযোগ আছে। হোম অফিস সাপোর্ট প্রত্যাখ্যান করে একটা চিঠি পাঠাবে। এই চিঠিতে প্রত্যাখ্যানের ভিত্তি/কারণ ব্যাখ্যা করা থাকবে। সিদ্ধান্তের তিন কার্য দিবসের মধ্যে আপিল জমা দিতে হবে। আপিল করতে সাহায্যের জন্য আপনাকে যত দ্রুত সম্ভব অ্যাসাইলাম অ্যাডভাইজ ইউকে লাইন-এর সাথে যোগাযোগ করতে হবে। অ্যাসাইলাম হেল্প আপনাকে নিশ্চিত করবে আপনার আপিল করার ভিত্তি আছে কিনা এবং আপনার জন্য কী কী বিকল্প আছে সেগুলো নিয়ে আপনার সাথে আলোচনা করবে। আরও অধিক তথ্যের জন্য, দেখুন অ্যাসাইলাম সাপোর্ট আপিল প্রজেক্ট ওয়েবসাইট: www.asaproject.org

4B.20 পরিস্থিতির পরিবর্তন

এটা জরুরী যে আপনি আপনার পরিস্থিতি সম্পর্কে হোম অফিস, কোর্ট এবং আইনি প্রতিনিধি (যদি থেকে থাকে)-কে সব সময় হালনাগাদ রাখবেন। এটি আপনার কেসকে প্রভাবিত করতে পারে। আপনি যদি আপনার ঠিকানার পরিবর্তনের কথা না জানান তবে আপনার কোর্টের জরুরী চিঠি না পাবার সম্ভাবনা থাকবে। আপনার যদি কোন শিশু থাকে, আর যদি সেটা জানাতে ব্যর্থ হন, তবে শিশুটিকে আপনার অ্যাসাইলাম অ্যাপ্লিকেশনে যোগ করা হবে না। হোম অফিসকে নিম্নোক্ত বিষয়গুলি জানাতে হবে:

- আপনি আপনার নাম পরিবর্তন করলে;
- কোন ডিপেন্ডেন্টের বয়স 18 বছর হলে;
- আপনি ঠিকানা বদলালে;
- আপনার বিয়ে হলে বা ডিভোর্স হলে, বা পার্টনার থেকে আলাদা হলে;

- আপনি হাসপাতালে গেলে;
- আপনি কিংবা আপনার পার্টনার গর্ভবতী হলে বা সন্তান জন্ম দিলে;
- আপনার কোন বাচ্চা স্কুল ছাড়লে বা ঘর ছাড়লে;
- অন্য কোন পারিবারিক সদস্য ইউকে-তে আপনাদের সাথে মিলিত হলে, বা ছেড়ে গেলে;
- অন্য কেউ যদি আপনার বাসস্থানে থাকতে এলে, বা চলে গেলে;
- আপনি জেলে গেলে;
- আপনি অর্থ পেলেন বা উপার্জন করলেন যে সম্পর্কে আমাদের এর আগে জানাননি;
- কোন কিছু বিক্রয় করে অর্থ পেলে; বা
- আপনি যদি আমাদের দেয়া বাসস্থান ব্যবহার করতে না চান।

উপরের বিষয়গুলো আপনার অ্যাসাইলাম সাপোর্ট-এর ওপর প্রভাব ফেলবে বা কোর্ট/আপনার লিগ্যাল অ্যাডভাইজরকে জানাতে হবে। অ্যাসাইলাম হেল্প আপনাকে হোম অফিস অ্যাসাইলাম সাপোর্ট সেকশন-কে উপরে উল্লেখিত পরিস্থিতিগুলোর ব্যাপারে জানাতে সাহায্য করবে। তবে, এটাও গুরুত্বপূর্ণ যে আপনি এই পরিবর্তনগুলোর ব্যাপারে হোম অফিস/কোর্ট-এর ইমিগ্রেশন সাইডকেও অবহিত করবেন। আপনার আইনি প্রতিনিধির এই ব্যাপারে আপনাকে সাহায্য করতে পারা উচিত।

অ্যাসাইলাম সাপোর্ট সম্পর্কিত ব্যাপারে বা লিগ্যাল অ্যাডভাইজ-এর জন্য আরও বেশি তথ্য পেতে দয়া করে অ্যাসাইলাম হেল্প-এর সাথে যোগাযোগ করুন।

www,asylumhelpuk.org

অ্যাসাইলাম অ্যাডভাইজ ইউকে **0808 8000 626**

অ্যাসাইলাম সাপোর্ট অ্যাপ্লিকেশন ইউকে **0808 8000 627**